কারিগরি শিক্ষা অধিদপ্তর
মহাপরিচালকের দপ্তর
পরিচালক (প্রশাসন) | সহকারী পরিচালক
পরিচালক (ভোকেশনাল)
পরিচালক (পলিটেকনিক/পিজাইডব্লিউ)
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) | অন্যান্য
পরিচালক (পিআইইউ) | পিএস টু মহাপরিচালক
প্রকল্প পরিচালক
মহাপরিচালক
ডকেট নং- ৪৪ | তারিখঃ- ০১|০১|২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
কারিগরি শাখা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.tmed.gov.bd

স্মারক নং-৫৭.০০.০০০০.০৫১.১১.০০১.২৩-০৫

তারিখ: ১৭ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
০১ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

# প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ০৫.১০.২০২৩ খ্রি. তারিখের ৮০.০০.০০০০.২০০.৬৪.০১৪.২২(অংশ)-২৬৮ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৯.১০.২০২৩ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৪৭.১১.০১০.২২-২৯০ সংখ্যক স্মারকমূলে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজের নন-ক্যাডারভুক্ত লেকচারার (টেক) পদে সাময়িকভাবে সুপারিশকৃত নিম্নোক্ত ০১ (এক) জন প্রার্থীকে তাঁর নামের পাশে উল্লিখিত প্রতিষ্ঠানে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুসারে ২২০০০-৫৩০৬০/- বেতনক্রমে (৯ম গ্রেড) নিম্নবর্ণিত শর্তে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে নিয়োগ/পদায়ন করা হলো:

**শর্তাবলী:**

(ক) সরকারের যথাযথ এজেন্সি কর্তৃক প্রাক চাকরি বৃত্তান্ত যাচাই এবং স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনের ক্ষেত্রে প্রার্থীর বিরুদ্ধে পরবর্তীতে কোনরূপ বিরূপ মন্তব্য/আপত্তি উত্থাপিত হলে কারণ দর্শানো ব্যতিরেকে তাঁর নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে এবং চাকরি থেকে বরখাস্তসহ পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

(খ) তাঁকে সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে নির্ধারিত মেয়াদে বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ এবং সংশ্লিষ্ট বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে;

(গ) শিক্ষানবিশ হিসেবে ০২ (দুই) বছরকাল কাজ করতে হবে; শিক্ষানবিশকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের সঙ্গে পরামর্শ ব্যতিরেকেই তাকে চাকরি হতে অপসারণ করা হবে;

(ঘ) উপানুচ্ছেদ (খ) ও (গ)-এ উল্লিখিত প্রশিক্ষণ সাফল্যের সাথে সমাপন এবং শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে তাকে সরকারি বিধি মোতাবেক চাকরিতে স্থায়ী করা হবে;

(ঙ) উপানুচ্ছেদ (খ)-এ উল্লিখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাঁকে একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিশকাল অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষে উত্তোলিত অগ্রিম/ ভ্রমণভাতা/ অন্যান্য ভাতাদি ও তার প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ তিনি ফেরত দিতে বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এ বন্ড দাখিল করে তাকে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে;

(চ) তিনি যদি চাকরিতে ইস্তফা প্রদান করেন, তবে সরকার কর্তৃক তা গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তার কর্তব্য কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (ঙ) অনুযায়ী তার নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী অ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তার বিরুদ্ধে যথাযথ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ছ) বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সুপারিশকৃত ফলাফলের ভিত্তিতে এবং প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী তার জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(জ) পরবর্তীতে যে কোন সময় প্রার্থীর যোগ্যতার শর্তের অপূর্ণতা, দুর্নীতি, জালিয়াতি, অসত্য তথ্য প্রদান, তথ্য গোপন বা অন্য কোন ক্ষেত্রে যেমন যাচিত কাগজপত্রাদি যথাযথ না থাকলে বা কোনো গুরুতর (Substantive) ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে যে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ঝ) যদি তিনি কোন বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(ঞ) চাকরিতে যোগদানকালে তাকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(ট) চাকরিতে শিফট নির্ধারণের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

(ঠ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তার চাকরি সংক্রান্ত কোন বিষয় সরকারের প্রচলিত আইন, বিধি-বিধান, প্রজ্ঞাপন, আদেশ ইত্যাদি দ্বারা নিয়ন্ত্রিত হবে;

(ড) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সংবলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে;

(ঢ) বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে এ সংক্রান্ত প্রচলিত বিধি-বিধান প্রযোজ্য হবে; এবং

(ণ) চাকরিতে যোগদানের জন্য কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।

০২. অনুচ্ছেদ ১-এ উল্লিখিত শর্তাবলি তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ১৫ জানুয়ারি ২০২৪ খ্রিঃ তারিখে তাঁর নামের পাশে বর্ণিত পদ ও কর্মস্থলে যোগদানের জন্য অনুরোধ করা হ'ল। যোগদানপত্র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ বরাবর যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দাখিল করতে হবে। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং তাঁর নিয়োগপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

**পদের নামঃ লেকচারার (টেক)**

| মেধাক্রম | রেজিঃ নং | নাম, পিতা ও মাতার নাম | স্থায়ী ঠিকানা | পদায়নকৃত প্রতিষ্ঠানের নাম |
|---|---|---|---|---|
| ১. | ১১১৪০৮৩৪ | জনাব মো: আসিফ খান প্রান্ত<br>পিতা: মো: মহিউদ্দিন খাঁন<br>মাতা: মনোয়ারা বেগম | গ্রাম: কলেজপাড়া, ডাকঘর: মাগুরা,<br>উপজেলা: মাগুরা সদর,<br>জেলা: মাগুরা | টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ,<br>তেজগাঁও, ঢাকা |

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

02-01-2024

মোহাম্মদ মিজানুর রহমান তালুকদার
উপসচিব
ফোনঃ ০২-৫৫১০১০৮৯
ই-মেইলঃ sastec1@tmed.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৫১.১১.০০১.২৩-০৫

তারিখঃ ১৭ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
০১ জানুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
০২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়/সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়
০৫. সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, ঢাকা
০৬. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তাদের যোগদানের তথ্য প্রেরণের অনুরোধসহ)
০৭. অতিরিক্ত সচিব (কারিগরি অনুবিভাগ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
০৮. যুগ্মসচিব (কারিগরি-২ অধিশাখা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
০৯. মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য]
১০. উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য]
১১. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]
১২. উপ-পরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (তাঁকে উপর্যুক্ত প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করে ৩০(ত্রিশ) কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।
১৩. অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, তেজগাঁও, ঢাকা
১৪. চিফ একাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
১৫. প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা (প্রজ্ঞাপনটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৬. জনাব..........................................................................................................................
১৭. অফিস নথি।

02-01-2024

মোহাম্মদ মিজানুর রহমান তালুকদার
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
প্রশাসন শাখা-০৩
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।
ওয়েব সাইট: www.techedu.gov.bd

স্মারক নং-৫৭.০৩.০০০০.০১২.১১.০০১.২৩-০৮ তারিখ: ০২/০১/২০২৪খ্রি:

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৫৭.০০.০০০০.০৫১.১১.০০১.২৩-০৫,তারিখ: ০১/০১/২০২৪খ্রি: মোতাবেক জারিকৃত **টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজের নন-ক্যাডারভুক্ত লেকচারার (টেক) পদে নিয়োগ/পদায়ন** সংক্রান্ত প্রজ্ঞাপনখানা সংশ্লিষ্ট সকলের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে এতদ্দ্বারা পৃষ্ঠাংকনপূর্বক নির্দেশক্রমে এতৎসংগে প্রেরণ করা হলো।

(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):
১. অতিরিক্ত সচিব (কারিগরি অনুবিভাগ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন/পিআইডব্লিউ/ভোকেশনাল/পিআইইউ/পরিকল্পনা ও উন্নয়ন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩.অধ্যক্ষ.........................................টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ।
৪. অধ্যক্ষ,..................................................................।
৫. উপসচিব (কারিগরি-১), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
৭. ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস এর কার্যালয়,....................।
৮. ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার,..........................................................................।
৯. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. ভারপ্রাপ্ত কর্মকর্তা (আই সি টি সেল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রখানা ওয়েবসাইটে প্রকাশ ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)।
১১. মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. জনাব ..........................................................................................................।
১৩. সংরক্ষণ নথি।

০২/০১/২০২৪.

(দিপংকর নন্দী)
সহকারী পরিচালক
dtead3.2013@gmail.com